ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রার দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-০৬/২০১৫/ ১৫০৭৯ তারিখ ঃ ২১ বৈশাখ ১৩৩২ বঙ্গাব্দ
০৪ মে ২০২৫খ্রি.

বিষয়: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনপূর্বক অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চরকগাছিয়া ফাজিল মাদরাসা বরগুনা সদর, বরগুনা-এর বিধিবহির্ভূতভাবে প্রতিষ্ঠাতা সদস্য অন্তর্ভূক্তির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পত্রের আলোকে উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। এছাড়াও মাদরাসার অধ্যক্ষের বিরুদ্ধে আর্থিক অনিয়ম এবং বিধিবহিভূতভাবে প্রতিষ্ঠাতা সদস্য অন্তর্ভূক্তির বিষয়ে অভিযোগের বিষয়ে পুণরায় সরেজমিন তদন্ত করা হয়। তদন্তে বিধিবহির্ভূতভাবে প্রতিষ্ঠাতা সদস্য অন্তর্ভূক্তির বিষয়টি প্রমাণিত হওয়ায় তদন্ত কমিটির সুপারিশের আলোকে নিম্নবর্ণিত বিষয়ে ব্যবস্থাগ্রহণ পূর্বক বিশ্ববিদ্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১। মাদরাসার দাতা মরহুম ইসহাক হাওলাদারের ওয়ারিশদের মধ্য থেকে ১৩ জন সদস্যকে বিধিবর্হিভূতভাবে মাদরাসার প্রতিষ্ঠা সদস্য হিসাবে অর্ন্তভূক্ত করায় উক্ত ১৩জন সদ্যস্যকে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে গণ্য করার সুযোগ না থাকায় তা বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

২। এডহক কমিটি কর্তৃক মাদরাসার দাতা মরহুম ইসহাক হাওলাদারের বংশধরদের মধ্য থেকে ৩ জন সদস্যকে বিধিবর্হিভূতভাবে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে অর্ন্তভূক্ত করায় উক্ত ৩জন সদ্যস্যকে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে গণ্য করার সুযোগ না থাকায় তা বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৩। ভবিষ্যতে মাদরাসার প্রতিষ্ঠাতা/দাতা সদস্য অর্ন্তভূক্তির ক্ষেত্রে যথাযথভাবে বিধি অনুসরন করা।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

৪/৫/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল : registr@gmail.com

প্রাপক
জেলা প্রশাসক, বরগুনা
ও
সভাপতি, চরকগাছিয়া ফাজিল মাদরাসা, বরগুনা সদর, বরগুনা।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-০৬/২০১৫/ ১৫০৭৯ (৬) তারিখ ঃ ২১ বৈশাখ ১৩৩২ বঙ্গাব্দ
০৪ মে ২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। অধ্যক্ষ, চরকগাছিয়া ফাজিল মাদরাসা, বরগুনা সদর, বরগুনা।
০২। বিদ্যোৎসাহী সদস্য, চরকগাছিয়া ফাজিল মাদরাসা, বরগুনা সদর, বরগুনা।
০৩। জনাব মোঃ আব্দুর রব (অভিযোগকারী), প্রতিষ্ঠাতা সদস্য, চরকগাছিয়া ফাজিল মাদরাসা, বরগুনা সদর, বরগুনা।
০৪। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। আইসিটি শাখা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
০৬। অফিস নথি।

০৪/৫/২৫

(আজাহারুল ইসলাম হিমেল)
সহকারী রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়